

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
তানোর, রাজশাহী।

স্মারক নং- ০৫.৪৩.৮১৯৪.০০০.১২.০০৫.২২-১৯৬

তারিখঃ ০৭ ফাল্গুন, ১৪২৮ বঙ্গাব্দ  
২০ ফেব্রুয়ারি, ২০২২ খ্রিঃ

**রাজশাহী জেলাধীন তানোর উপজেলার ২০ একর পর্যন্ত  
বদ্ব জলমহাল/খাসপুরুর সম্মতের ইজারা বিজ্ঞপ্তি**

ভূমি মন্ত্রণালয়ের ১০/০২/২০২২ খ্রিস্টাব্দের ৩১.০০.০০০০.০৫০.৬৮.০২০.০৯ (অংশ-২)-৩২ নং স্মারকে জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ অনুযায়ী ২০ একর পর্যন্ত বদ্ব জলমহাল ইজারার জন্য অনলাইনে ([jm.lams.gov.bd](http://jm.lams.gov.bd)) আবেদন দাখিলের বিধান প্রবর্তন করা হয়েছে। এরই প্রেক্ষিতে রাজশাহী জেলার আওতাধীন তানোর উপজেলার ৮২৬ (আটশত ছাবিশ) টি বদ্ব জলমহাল ১ বৈশাখ ১৪২৯ বঙ্গাব্দ হতে ৩০ চৈত্র ১৪৩১ বঙ্গাব্দ পর্যন্ত ০৩ (তিনি) বছর মেয়াদে নিবন্ধিত ও প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি কর্তৃক অনলাইনে ইজারার আবেদন দাখিলের সিদ্ধান্ত গৃহিত হয়েছে। সে প্রেক্ষিতে তানোর উপজেলা থেকে সাধারণ আবেদনে ১৪২৯ বঙ্গাব্দে জলমহালের ইজারা ব্যবস্থাপনা নির্ধারিত বর্ষ পঞ্জিকার (**Calender Year**) মধ্যে নিষ্পত্তি করার লক্ষ্যে নিম্নবর্ণিত সিডিউল অনুযায়ী কার্যক্রম গ্রহণ করা হবে।

ক্রমিক নং	তারিখ	গৃহীত কার্যক্রম
১.	১০ থেকে ১৫ ফাল্গুনের মধ্যে	জেলা প্রশাসক, রাজশাহী (এস.এ শাখা) মহোদয়ের কার্যালয়, উপজেলা নির্বাহী অফিসার এবং সহকারী কমিশনার (ভূমি), তানোর, রাজশাহী এর কার্যালয় হতে ৫০০/- টাকায় (অফেরওয়েগ্য) দরপত্র/আবেদনপত্র অফিস চলাকালীন সময়ে ত্রয় সাপেক্ষে অনলাইনে আবেদন দাখিল। দরপত্র/আবেদন ফরমে বর্ণিত শর্তাবলীসহ সর্বশেষ সরকারি পরিপত্র/নীতিমালা অনুসরণ প্রয়োজ্য হবে।
২.	১৬ ফাল্গুন থেকে পরবর্তী ৩ (তিনি) কার্যদিবসের মধ্যে	অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মূলকপি সীলগালা মুখবদ্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দাখিল।
৩.	২৫ ফাল্গুনের মধ্যে	অনলাইনে প্রাপ্ত আবেদনসমূহ এবং দাখিলকৃত প্রিন্টেড কপি যাচাই-বাছাই।
৪.	৩০ ফাল্গুনের মধ্যে	উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সভায় ব্যবস্থাপনা।
৫.	০৫ চৈত্রের মধ্যে	ইজারা অনুমোদনের জন্য জেলা প্রশাসক বরাবর প্রেরণ এবং জেলা প্রশাসক কর্তৃক অনুমোদন।
৬.	১০ চৈত্রের মধ্যে	উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক ইজারাদেশ প্রদান ও ইজারাগ্রহীতাকে অবহিতকরণ।
৭.	১৫ চৈত্রের মধ্যে	ইজারাগ্রহীতা কর্তৃক নির্ধারিত কোডে ইজারামূল্য জমা প্রদান।
৮.	২৫ চৈত্রের মধ্যে	ইজারাগ্রহীতার সাথে ইজারা চুক্তি সম্পাদন।
৯.	১ বৈশাখ	ইজারা গ্রহীতাকে জলমহালের দখল বুঝিয়ে দেয়া।

উল্লেখ্য যে, ইজারা বিজ্ঞপ্তি এবং জলমহালের তালিকা সংশ্লিষ্ট ওয়েবসাইটে ([tanore.rajshahi.gov.bd](http://tanore.rajshahi.gov.bd)) পাওয়া যাবে।

আরও উল্লেখ্য, বিজ্ঞপ্তির যে কোন শর্তাবলী সংযোজন/বিয়োজন/বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

স্বাক্ষরিত/-

(পংকজ চন্দ্র দেবনাথ)

উপজেলা নির্বাহী অফিসার

ও

আহবায়ক

উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি।

তানোর, রাজশাহী।

ফোন নং- ০২৪৭৮৫১০০২

email: [unotanore@mopa.gov.bd](mailto:unotanore@mopa.gov.bd)